সমকাল

তারিখ · 08 MAR 2016
পৃষ্ঠা ৪ কলাম ৬

# শিক্ষক-কর্মচারী ফ্রন্টের ২১ দফা দাবি

নতুন স্কেলে এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বেতন প্রদানের দিন-তারিখ উল্লেখসহ প্রজ্ঞাপন জারি, যোগ্যতার শর্ত পূরণ করেও বছরের পর বছর বঞ্চিতদের এমপিওভুক্তি, সৃজনশীল ব্যবস্থার ওপর শিক্ষকদের পর্যাপ্ত প্রশিক্ষণ, জাতীয় শিক্ষকনীতি প্রণয়নসহ ২১ দফা দাবি জানিয়েছে জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্ট। গতকাল সোমবার সংগঠনের তিন সদস্যের প্রতিনিধি দল শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সঙ্গে তার মন্ত্রণালয়ে সাক্ষাৎ করে এসব দাবি উপস্থাপন করেন। প্রতিনিধি দলে ছিলেন শিক্ষক নেতা মোহাম্মদ আজিজুল ইসলাম, অধ্যক্ষ আসাদুল হক, অধ্যক্ষ মোহাম্মদ আলী চৌধুরী প্রমুখ। ৩১ মার্চের মধ্যে বেসরকারি শিক্ষক-কর্মচারীদের নতুন স্কেলে বেতনভাতা প্রদান না করলে ও উপস্থাপিত দাবিগুলো সক্রিয় বিবেচনায় না নিলে ফ্রন্টের জাতীয় প্রতিনিধি সভায় পরবর্তী কর্মসূচি ঘোষণা করা হবে বলে জানিয়েছেন ফ্রন্ট নেতারা। সংবাদ বিজ্ঞপ্তি।